

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৩২
সাক্রম, ২০ আগস্ট, ২০২৫

সাতচান্দে জনজাতিদের রন্ধন প্রণালী বিষয়ে কর্মশালা শুরু

আজ থেকে সাক্রম মহকুমার সাতচান্দ ব্লকের অধীন কলাছড়া ট্রাইবেল রেস্ট হাউসে জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে তিন দিনব্যাপী সাক্রম মহকুমা ভিত্তিক জনজাতিদের রন্ধন বিষয়ে কর্মশালা শুরু হয়েছে। এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন সাতচান্দ ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান খলাধন ত্রিপুরা। এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাক্রম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, বিশিষ্ট সমাজসেবী ও প্রাক্তন বিধায়ক শঙ্কর রায়, বিশিষ্ট সমাজসেবী কাঁঠালধন ত্রিপুরা।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ দপ্তরের স্পেশাল অফিসার কালিচরণ ত্রিপুরা, এক্সটেনশন অফিসার অসিত দাস প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাক্রম মহকুমা জনজাতি কল্যাণ আধিকারিক মনোজিৎ দেববর্মা। এখানে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন অ্যাভেঞ্জার হাই স্কুলের ছাত্রছাত্রীগণ। তিন দিন ব্যাপী এই রন্ধন সম্পর্কীয় কর্মশালায় প্রথম দিনে ৩০ জন প্রশিক্ষার্থী অংশগ্রহণ করেছেন। দপ্তরের পক্ষ থেকে তিনজন মাস্টার ট্রেনার তাদের ত্রিপুরার আদিবাসীদের ঐতিহ্যবাহী বিভিন্ন রন্ধন প্রণালী যেমন বেরমা বেথুই, গুধক, চাখুই হাতে-কলমে শেখাবেন। কর্মশালার শেষদিনে প্রশিক্ষার্থীদের মধ্য থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হিসেবে বিজয়ী বেছে নেয়া হবে, যারা জেলাভিত্তিক এরকম কর্মশালায় অংশগ্রহণ করবেন।
